

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৭৩

আগরতলা, ১৫ ফেব্রুয়ারি, ২০২৪

এমজিএন রেগা

**পশ্চিম ত্রিপুরা জেলায় ৩৫,০৫,৬৬৭ শ্রমদিবস সৃষ্টি**

এমজিএন রেগায় চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ৩৫ লক্ষ ৫ হাজার ৬৬৭ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৯ কোটি ৬২ লক্ষ ২১ হাজার ৭০০ টাকা। এই কর্মসূচিতে জেলার ৯টি ব্লকে ১৭ হাজার ৪৫৪টি প্রকল্প রূপায়িত হয়েছে। জেলার পুরাতন আগরতলা ব্লকে ২,৯১,৩৯৯, মোহনপুর ব্লকে ৪,৫৩,৭৪৮, মান্দাই ব্লকে ৪,৮৩,৮৮৮, লেফুঙ্গা ব্লকে ২,০৪,৮৬৩, জিরানীয়া ব্লকে ৩,০৬,৯৮৫, হেজামারা ব্লকে ৫,৫৭,৪০৪, ডুকলি ব্লকে ৪,০০,৭৯৮, বেলবাড়ি ব্লকে ১,৯৮,৪৫৭, বামুটিয়া ব্লকে ৬,০৮,১২৫ শ্রমদিবসের সৃষ্টি হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*